

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
প্রশাসন-১ শাখা
আগারগাঁও, ঢাকা।

স্মারক -৪১.০১.০০০০.০০৮.১৮.২৫৭.১৪- ২২৫


তারিখ : ২৭ জুলাই, ১৪২৬
১১ জুলাই, ২০১৯

অফিস আদেশ

বিষয় : সমাজসেবা অধিদফতরের অধীন জেলা সমাজসেবা কার্যালয় সমূহে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সমাজসেবা অধিদফতরাধীন মাঠ পর্যায়ে জেলা সমাজসেবা কার্যালয়সমূহের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্তভাবে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান করা হল :

- (ক) যে সকল জেলায় ২ জন সহকারী পরিচালক রয়েছে জ্যেষ্ঠ সহকারী পরিচালক (গ্রেডেশন তালিকা অনুযায়ী) আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তীর অবর্তমানে অপর সহকারী পরিচালক আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। সহকারী পরিচালকদ্বয়ের অবর্তমানে সমাজসেবা অফিসার (রেজিঃ), আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
 - (খ) যে সকল জেলায় ১ জন সহকারী পরিচালক রয়েছে তিনি আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। সহকারী পরিচালক এর অবর্তমানে সমাজসেবা অফিসার (রেজিঃ) আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
 - (গ) জেলা পর্যায়ের আয়ন-ব্যয়ন সংক্রান্ত সকল কার্যক্রমে সংশ্লিষ্ট উপপরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে।
২. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং- সক্রম/প্রশাসন-৩/মুদ্রণ-১৪/২০০৭/৯৭৮ তারিখ : ২০-১০-২০১০ খ্রিঃ যোগে অর্পিত প্রশাসনিক ক্ষমতা বলে এ আদেশ জারী করা হল।
 ৩. আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত ইতিপূর্বে জারীকৃত সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।
 ৪. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




(গাজী মোহাম্মদ নূরুল কবির)
মহাপরিচালক
ফোন- ৫৫০০৭০২৪

স্মারক -৪১.০১.০০০০.০০৮.১৮.২৫৭.১৪- ২২৫

তারিখ : ২৭ জুলাই, ১৪২৬
১১ জুলাই, ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে:

১. সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/ কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়,
৬. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,
৭. সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,


(মোঃ সাফায়েত হোসেন তালুকদার)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন- ৯১৩৮০২০